

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন  
আইইবি ভবন, রমনা, ঢাকা-১০০০

স্মারক নং-১৪.৩২.০০০০.০০৪.৩০.০০২.১২- ২২২

তাং-২৭/০১/২০১৮ খ্রি:

বিষয়: ইভেন্ট ম্যানেজমেন্ট প্রতিষ্ঠান হিসেবে তালিকাভুক্তিকরণ প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, আপনাদের দাখিলকৃত তালিকাভুক্তির আবেদন কমিশন কর্তৃক গৃহীত হওয়ায় নিম্নবর্ণিত প্রতিষ্ঠান সমূহকে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি)'র ইভেন্ট ম্যানেজমেন্ট কাজের নিমিত্তে আগামী ২০১৮ এবং ২০১৯ ক্যালেন্ডার বছরের জন্য ইভেন্ট ম্যানেজমেন্ট প্রতিষ্ঠান হিসেবে তালিকাভুক্ত করা হলো:

ক্রমিক নং	প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা
১.	এশিয়াটিক ইভেন্ট মার্কেটিং লিঃ, বাড়ী- ৪১, রোড- ২৭, ব্লক- এ, বনানী, ঢাকা-১২১২।
২.	ই-৩ সলিউশনস, বাড়ী- ৪৬৯, রোড- ৩১, মহাখালী ডিওএইচএস, ঢাকা।
৩.	উইন্ডমিল এডভারটাইজিং লিমিটেড, মিলেনিয়াম ক্যাস্টল, ফ্ল্যাট- বি ৮, বাড়ী- ৪৭ রোড- ২৭, ব্লক- এ, বনানী, ঢাকা-১২১৩।
৪.	সানমার প্রোডাকশনস, ল্যান্ডমার্ক টাওয়ার, ১২-১৪ নর্থ এভিনিউ, গুলশান-২, ঢাকা-১২১২।
৫.	ইভেন্ট টাচ বাংলাদেশ, বাড়ী- ৪১৯, রোড- ৩০, নিউ ডিওএইচএস, মহাখালী, ঢাকা।
৬.	আই-স্টেশন, বাড়ী- ৪২৪ (৩য় তলা), রোড- ৩০, নিউ ডিওএইচএস, মহাখালী, ঢাকা-১২১৬।

শর্তাবলী:

১. অত্র অফিস কর্তৃক প্রবর্তিত যে কোন নিয়ম অথবা সিদ্ধান্ত সংশ্লিষ্ট প্রতিষ্ঠান মেনে চলতে বাধ্য থাকবে।
২. কমিশনের চাহিদা অনুযায়ী কোটেশন, দরপত্র/সীমিত দরপত্র আহ্বান করা হলে দ্রুত সময়ের মধ্যে তার জবাব প্রদানের বিষয়টি নিশ্চিতকরণের জন্য প্রতিষ্ঠান সমূহকে তাদের ই-মেইল, ফ্যাক্স নম্বর ও যোগাযোগকারী ব্যক্তির নাম ও ফোন নম্বর প্রদান করতে হবে।
৩. মুদ্রণ সামগ্রী সরবরাহের লক্ষ্যে কমিশন কর্তৃক কোটেশন, দরপত্র/সীমিত দরপত্র আহ্বান করা হলে চাহিদা অনুযায়ী দরপ্রস্তাব দাখিল করতে হবে এবং দরপ্রস্তাব সমূহ মূল্যায়নপূর্বক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন অনুযায়ী কার্যাদেশ প্রদান করা হবে।
৪. যে সকল প্রতিষ্ঠান পর পর ০৩ (তিন) বার কমিশনের চাহিদা অনুযায়ী কোটেশন, দরপত্র/সীমিত দরপত্র দাখিলে ব্যর্থ হবে সে সকল প্রতিষ্ঠানের তালিকাভুক্তি বাতিল করা হবে।
৫. কর্তৃপক্ষ চাহিদা অনুযায়ী /ইভেন্ট অনুযায়ী সেবা প্রদান/প্রয়োজনীয় সামগ্রী সরবরাহের জন্য দরপ্রস্তাব আহ্বান করবে।
৬. আর্থিক ও কারিগরী মূল্যায়নে সর্বনিম্ন দরপ্রস্তাবকারী প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদান করা হবে।

৭. কার্যাদেশ অনুযায়ী কাজের পর বিল দাখিল করলে কমিশনের প্রচলিত বিধি মোতাবেক চেকের মাধ্যমে বিল পরিশোধের ব্যবস্থা করা হবে। বিল হতে বিধি মোতাবেক ও সরকারী নিয়মানুযায়ী ভ্যাট ও ট্র্যাক্স কর্তন করা হবে।
৮. চাহিত সেবা/ প্রয়োজনীয় সামগ্রী নির্ধারিত সময়ের মধ্যে সরবরাহ করতে ব্যর্থ হলে কার্যাদেশ বাতিলসহ তালিকাভুক্তি বাতিল করা হবে।
৯. কোন অনুষ্ঠান/ইভেন্ট চলাকালীন সময়ে তালিকাভুক্ত প্রতিষ্ঠানের কার্যাদি সম্পাদনে অযোগ্যতা/অপারদর্শিতা/ অপেশাদারিত্বের প্রকাশ পেলে কার্যাদেশ বাতিলসহ কমিশন কর্তৃক উক্ত প্রতিষ্ঠানের তালিকাভুক্তি বাতিল করা হবে।
১০. কোন অনুষ্ঠান/ইভেন্ট এর কার্যক্রম সম্পাদন শেষে বিল দাখিলের সময় তালিকাভুক্ত প্রতিষ্ঠান উক্ত অনুষ্ঠান/ইভেন্ট সম্পর্কিত প্রস্তুতকৃত ডিজাইন এর এআই এবং পিডিএফ ফাইল ডিভিডি আকারে কমিশন বরাবর দাখিল করতে হবে অন্যথায় কমিশন কর্তৃক বিল কর্তনের অধিকার সংরক্ষিত হবে।
১১. কোন অনুষ্ঠান/ইভেন্ট চলাকালীন সময়ে কোন প্রকার ক্ষতি সাধিত হলে বা ইভেন্ট ম্যানেজমেন্ট প্রতিষ্ঠান কর্তৃক কোন প্রকার অনিয়ম/দূর্নীতি/অসাধুতা/কারচুপি/অসদাচরণ অবলম্বন করা হলে কমিশন উক্ত প্রতিষ্ঠানের তালিকাভুক্তি বাতিল সহ ক্ষতির পরিমাণ নির্ধারণ করে ক্ষতির সমপরিমাণ টাকা সমন্বয় করতে পারবে।
১২. কোন কারণ দর্শানো ব্যতীত তালিকাভুক্তির প্রস্তাব গ্রহণ বা বাতিল করার ক্ষমতা কমিশন কর্তৃক সংরক্ষিত হবে।

  
 (আফতাব মোঃ রাশেদুল ওয়াদুদ)  
 পরিচালক (প্রশাসন)  
 ফোনঃ ৯৫৫৪৬৮৯

অনুলিপি অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. পরিচালক (অর্থ, হিসাব ও রাজস্ব), বিটিআরসি;
২. -----;
৩. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব/ কমিশনার মহোদয়গণের ব্যক্তিগত কর্মকর্তাবৃন্দ, বিটিআরসি (ইহা মহোদয়গণের সদয় অবগতির জন্য);
৪. মহাপরিচালক (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, বিটিআরসি, (ইহা মহোদয়গণের সদয় অবগতির জন্য);
৫. অফিস কপি।